



## মার্কিন সেনা থাকলে মধ্যপ্রাচ্যের হোটেলগুলো লক্ষ্যবস্তু হবে: ইরান



সংগৃহীত ছবি

মধ্যপ্রাচ্যের উত্তেজনাপূর্ণ পরিস্থিতিতে নতুন করে কড়া বার্তা দিয়েছে ইরান। দেশটির দাবি, যেসব হোটেলে মার্কিন সেনারা অবস্থান নেবে, সেগুলো আর সাধারণ বেসামরিক স্থাপনা হিসেবে বিবেচিত হবে না; বরং সম্ভাব্য লক্ষ্যবস্তুতে পরিণত হতে পারে।

শুক্রবার (২৭ মার্চ) ইরানের রাষ্ট্রীয় টেলিভিশনের তথ্যের বরাত দিয়ে এ খবর প্রকাশ করে আল জাজিরা।

ইরানের সশস্ত্র বাহিনীর মুখপাত্র আবুলফজল শেখারচি বলেন, কোনো স্থানে মার্কিন সেনাদের উপস্থিতি থাকলে সেটি কার্যত যুক্তরাষ্ট্রের সামরিক উপস্থিতির অংশ হয়ে যায়। তিনি জানান, ইরান প্রতিপক্ষের আঘাতের জন্য অপেক্ষা করবে না—প্রয়োজনে আগে থেকেই পাল্টা পদক্ষেপ নেওয়া হবে।

এর আগে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি অভিযোগ করেন, উপসাগরীয় অঞ্চলে মার্কিন সেনারা সামরিক ঘাঁটি ছেড়ে হোটেল ও অফিসের মতো বেসামরিক স্থানে আশ্রয় নিচ্ছে। সামাজিক যোগাযোগমাধ্যম 'এক্স'-এ দেওয়া এক বার্তায় তিনি দাবি করেন, সংঘাতের শুরু থেকেই এ প্রবণতা দেখা যাচ্ছে। পাশাপাশি, তিনি আঞ্চলিক হোটেলগুলোর প্রতি মার্কিন সেনাদের বুকিং গ্রহণ না করার আহ্বান জানান